

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড

পল্লী ভবন

৫, কাওরানবাজার, ঢাকা

www.brdp.gov.bd

স্মারক নং- ৪৭.৬২.০০০০.৪০৫.১৬.০০৭.১৯.

তারিখ- ০২ জুন, ২০১৯ খ্রি:

বিষয়: বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০১৯-২০ চূড়ান্তকরণ প্রসঙ্গে।

সূত্র: ৪৭.০০.০০০০.০৪৬.০৫.০১০.১৯, তারিখ: ২৬ মে, ২০১৯ খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গত ২৭/০৫/২০১৯ তারিখে পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ কর্তৃক বার্ষিক কর্মসম্পাদন চুক্তি সম্পর্কিত সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় সিদ্ধান্তের আলোকে একটি নতুন কার্যক্রম এবং নতুন সূচক অন্তর্ভুক্ত করা হয়, যথাক্রমে সেকশন ৩ এর (৩.২) মুজিববর্ষ উপলক্ষে বিশেষ কার্যক্রম ও নতুন সূচক (৩.২.১) “অরুন প্রাতের তরুন দল” গঠন এবং (৩.৩) সংগঠিত সমবায় সমিতি অডিট এর নতুন সূচক (৩.৩.২) অডিটকৃত প্রাথমিক সমবায় সমিতির হার।

বিআরডিবি,র ওয়েব সাইটে গত ২৯/০৫/২০১৯ খ্রি: তারিখে উক্ত সংশোধিত ছক প্রকাশ করা হয় এবং তা সদর কার্যালয়ে প্রেরণের জন্য নির্দেশ প্রদান করা হয়। সকল জেলাদপ্তর কর্তৃক নির্দেশ পরিপালিত না হওয়ায় এপিএ ক্যালেন্ডার ২০১৯-২০ অনুসারে মাঠ পর্যায়ে ৩০মে, ২০১৯ খ্রি: এর মধ্যে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরের জন্য প্রস্তুত করা সম্ভব হয়নি।

এপিএ ক্যালেন্ডারের নির্দেশনা মোতাবেক আগামী ১০/০৬/২০১৯ খ্রি: তারিখ সকাল ১০.০০ ঘটিকার মধ্যে আবশ্যিকভাবে প্রত্যেক জেলাদপ্তর হতে তথ্যের হার্ডকপি ও সফটকপি ডাকযোগে ও brdbpms1@gmail.com প্রেরণের নির্দেশ প্রদান করা হলো। ব্যর্থতায় সংশ্লিষ্ট জেলার উপপরিচালককে এর দায়ভার বহন করতে হবে।



মুহম্মদ মউদুদউর রশীদ সফদার
মহাপরিচালক


উপপরিচালক (সকল), বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড, জেলা দপ্তর।

স্মারক নং- ৪৭.৬২.০০০০.৪০৫.১৬.০০৭.১৯.

তারিখ- ০২ জুন, ২০১৯ খ্রি:

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো:

- ১) উপপরিচালক, প্রোগ্রামিং শাখা, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড। (ওয়েব সাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো)।
- ২) মহাপরিচালকের একান্ত সচিব, মহাপরিচালকের দপ্তর, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড।



মো: শহীদুল ইসলাম
উপপরিচালক (মনিটরিং)
বিআরডিবি, ঢাকা।